

৪০৯টি স্কুল-মাদ্রাসার একজনও পাস করেনি

স্টাফ রিপোর্টার : পাবলিক পরীক্ষায়
নকল করে সরকারের ব্যাপক প্রতিষ্ঠান
ফলে বাংলাদেশে প্রায় নকলমুক্ত পরিবেশে
এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এতে
করে ৮-এর পূঃ ৩-এর কঃ দেখুন

একজনও পাস করেনি

নকল করে পাস করানো শিক্ষা প্রতিষ্ঠানের
সংখ্যা গত বছরের চেয়ে কমছে। প্রকল্পিত
ফলাফল অনুযায়ী, এবার ৯টি শিক্ষা বোর্ডের
অধীনে অনুষ্ঠিত পরীক্ষার দেশের ৪০৯টি শিক্ষা
প্রতিষ্ঠান থেকে কেউ পাস করেনি। অর্থাৎ
ওইসব প্রতিষ্ঠানের পাসের হার শূন্য। গতবার
এই সংখ্যা ছিল ৫৬৭টি। সে হিসেবে শূন্য পাস
প্রতিষ্ঠানের সংখ্যা কমেছে ১৫৮টি। এবার ৯
বোর্ডের মধ্যে কুমিল্লা শিক্ষা বোর্ড ও কারিগরি
শিক্ষা বোর্ডের অধিনস্থ কোন প্রতিষ্ঠানে শূন্য
পাস নেই। তবে বিগত বছরে কুমিল্লা বোর্ডে
৯টি এবং কারিগরি বোর্ডে শূন্য পাস প্রতিষ্ঠানের
সংখ্যা ছিল ৫৭টি। এছাড়া ঢাকা শিক্ষা বোর্ডের
৪৬টি, রাজশাহী শিক্ষা বোর্ডের ১০৪টি, চট্টগ্রাম
শিক্ষা বোর্ডের ৫টি, মণোর শিক্ষা বোর্ডের ৩টি,
সিলেট শিক্ষা বোর্ডের ৪টি, বরিশাল শিক্ষা
বোর্ডের ৩৭টি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের
২২৪টি প্রতিষ্ঠান থেকে কেউ পাস করেনি।